

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
সংস্থাপন-৩ শাখা  
[www.mofa.gov.bd](http://www.mofa.gov.bd)

নং- ১৯.০০.০০০০.১১৩.৩১.১০৩.২৪ - ২৪৭

৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ:-----  
১৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রণালয়ে কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ মোস্তফা-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী-তে ডেসপাচ রাইডার পদে বদলি করা হলোঃ

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।  
খ) বৈদেশিক ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
গ) চিকিৎসা ভাতা : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।  
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
ঙ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
চ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।  
ছ) বদলি অনুদান : ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমান অর্থ। বেতনের এক-চতুর্থাংশ ঢাকায় এবং এক-চতুর্থাংশ নয়াদিল্লী-তে প্রদেয়।  
জ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে নয়াদিল্লী পর্যন্ত বিমানে সুলভ শ্রেণী-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।  
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় : বিধি অনুযায়ী ঢাকা হতে নয়াদিল্লী পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

২। জনাব মোঃ মোস্তফা-কে অবিলম্বে উক্ত মিশনে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মচারী সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বুদ্ধিয়ে দেবার নির্দেশ দেয়া হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(তাহমিনা আক্তার)

সিনিয়র সহকারী সচিব (সংস্থাপন-৩)

ফোনঃ ০২২২৩৩৮২৯৫১

ই-মেইলঃ p3@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.১১৩.৩১.১০৩.২৪ - ২৪৭

৩০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ:-----  
১৩ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
২। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯মতলা), সেগুনবাগিচা, ঢাকা।  
৩। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা, (সংশ্লিষ্ট কর্মচারী ও তাঁর পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।  
৫। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।  
৬। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (নীতি ও সংগঠন/তহবিল/বাজেট/সাধারণ সেবা-১ ও ২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মচারী ও তাঁর সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।  
৯। দূতালয় প্রধান, বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী।  
১০। জনাব মোঃ মোস্তফা, অফিস সহায়ক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
১১। অফিস কপি।



(তাহমিনা আক্তার)

সিনিয়র সহকারী সচিব (সংস্থাপন-৩)